# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**19 MAY 2026** **7:45—7:55 PM**

---

১) কেন্দ্রীয় মন্ত্রী সি আর পাটিলের উপস্থিতিতে গুয়াহাটিতে ব্রহ্মপুত্র বোর্ডের পর্যালোচনা পর্ষদের চতুর্দশ বৈঠক ।

২) কেন্দ্রীয় সরকারের জনজাতি পরিক্রমা মন্ত্রনালয়ের উদ্যোগে দেশের বিভিন্ন অংশে জন ভাগিদারী অভিযান আরম্ভ ।

৩) বরাক উপত্যকার তিন জেলায় আজ যথাযোগ্য মর্যাদায় ১৯ শে মে ভাষা শহিদ দিবসে শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন ।

এবং

৪) হাইলাকান্দি জেলার জানকীবাজারে বিদ্যুৎপৃষ্ঠ হয়ে এক শ্রমিকের মৃত্যু ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় জল শক্তিমন্ত্রী সি আর পাটিলের উপস্থিতিতে আজ গুয়াহাটীতে ব্রহ্মপুত্র বোর্ডের উচ্চ ক্ষমতাসম্পন্ন পর্যালোচনা পর্ষদের চতুর্দশ বৈঠক অনুষ্ঠিত হয়েছে । কেন্দ্রীয় বন্দর , জাহাজ চলাচল এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এবং জলশক্তি দপ্তরের প্রতিমন্ত্রী রাজ ভূষণ চৌধুরীও এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । এছাড়া কেন্দ্রীয় সরকার এবং উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলোর উচ্চপদস্থ আধিকারীক এবং কারিগড়ি বিশেষজ্ঞরা বৈঠকে অংশগ্রহণ করেন । বৈঠকে পর্ষদের ত্রয়োদশ বৈঠকে গ্রহণ করা সিদ্ধান্তগুলো রূপায়নের বিষয়ে পর্যালোচনা করা সহ নদী অববাহিকা ব্যবস্থাপনার অগ্রগতি খতিয়ে দেখা হয় । বৈঠকে ব্রহ্মপুত্র বোর্ডের সামগ্রিক কাজকর্মের মূল্যায়ন করে ভবিষ্যতের কাজকর্মের রূপরেখা প্রস্তুত করার বিষয়ে আলোচনা করা হয় ।এছাড়া বৈঠকে বহনক্ষম জল সংরক্ষণের বিষয়ে প্রচারের জন্য উত্তরপূর্বাঞ্চলের পরম্পরাগত এবং স্থানীয় জল ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কীত গ্রন্থ এবং তথ্যচিত্র উন্মোচন করা হয়

।বৈঠকে অংশগ্রহণ করে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল বলেন যে ব্রহ্মপুত্র বোর্ড সমগ্র উত্তরপূর্বাঞ্চল এবং পশ্চিমবঙ্গে গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করে আসছে ।উল্লেখ্য ব্রহ্মপুত্র বোর্ডের উচ্চ ক্ষমতাসম্পন্ন পর্যালোচনা পর্ষদের পুনর গঠনের পর এই বৈঠক বিশেষ তাৎপর্য বহন করছে ।

-----------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকারের জনজাতি পরিক্রমা মন্ত্রকের উদ্যোগে সমগ্র দেশজুড়ে শুরু হওয়া তথ্য, শিক্ষা এবং যোগাযোগ ব্যবস্থার অংশ স্বরূপ জনজাতীয় লোকেদের সর্বাঙ্গীন কল্যানের লক্ষ্যে জন ভাগিদারী -সবসে দূর , সবসে পেহলে শীর্ষক অভিযান শুরু হয়েছে ।

কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যলয়ের সম্মেলন কক্ষে গতকাল জন ভাগিদারী অভিযান সবসে দূর-সবসে পেহলে বাস্তবায়ন নিয়ে একটি পর্য্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত রাজীব রায়ের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার বিভিন্ন দূর্গম জনজাতি অধ্যুৎষিত এলাকায় সমন্বিত ও অংশগ্রহনমূলক পদ্ধতির মাধ্যমে সরকারী জনকল্যানমূলক প্রকল্প এবং অত্যাবশ্যকীয় জনসেবা জেলার শেষ প্রান্তের মানুষের কাছে পৌছে দেওয়ার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত শ্রী রায় সরকারী উচ্চাকাঙ্খী প্রকল্পের সুবিধা যাতে ভৌগলিকভাবে দূরবর্তী ও সুবিধাবঞ্চিত জনগোষ্টীর কাছে পৌছানো এবং তৃনমূল স্তরে ব্যাপক জনসচেতনতা গড়ে তুলার উপর গুরুত্ব আরোপ করেন ।

-----------------------------------------------------------------------------------------------

এদিকে ডিমা হাসাও জেলায় জন ভাগিদারী-সবসে দূর-সবসে পেহলে অভিযান শুরু হয়েছে । এ উপলক্ষ্যে জেলা আয়ুক্ত গায়েত্রী হায়েলিং-এর পৌরহিত্যে আজ হাফলং এ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সম্মেলন কক্ষে একটি পর্য্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । সপ্তাহব্যাপী এই অভিযান জেলায় ২৫শে মে পর্য্যন্ত চলবে । এই অভিযান জেলার পাঁচটি উন্নয়ন খন্ড এবং প্রতিটি গ্রামে বাস্তবায়িত করা হবে । এছাড়া এই অভিযানের অধীনে আগামীকাল থেকে জনগনের অভিযোগ শোনা ও তৎক্ষনাৎ নিষ্পত্তির জন্য জন সুনাই কার্যসূচী শুরু করা হবে ।

-----------------------------------------------------------------------------------------------

মিজোরামের রাজ্য মন্ত্রীসভা রাজ্যটিতে বর্হিরাজ্যের লোকেদের প্রবেশ নিয়ন্ত্রণ ও নিরিক্ষণ ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে ইনার লাইন পার্মিটের নতুন নির্দেশনায় অনুমোদন জানিয়েছে ।আইজলের মন্ত্রীসভা কক্ষে গতকাল মুখ্যমন্ত্রী লালডহমার অধ্যক্ষতায় অনুষ্ঠিত বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । নতুন নির্দেশনা অনুযায়ি মিজোরামে

বর্হিরাজ্যের লোকেদের প্রবেশের ক্ষেত্রে থাকা নীতিনিয়ম শৃঙ্খলাবদ্ধ হবে বলে আশা করা হচ্ছে ।উল্লেখ্য মিজোরামের একটি নাগরিক সংগঠন এবং বাবসায়িক সংস্থা ইনার লাইন পারমিট উল্লঙ্ঘন সম্পর্কে অভিযোগ দাখিল করা সহ এই সম্পর্কে নীতি নির্দেশনা সংস্কারের দাবী জানিয়েছিল ।

---------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট প্রকাশ্য স্থান থেকে তুলে নিয়ে যাওয়া পথ কুকুরদের টিকাকরণ বা বন্ধ্যাকরণের পর পুনরায় তাদেরকে ছেড়ে না দেওয়ার নির্দেশ প্রত্যাহার করতে অস্বীকার করেছে । বিচারপতি বিক্রম নাথের নেতৃত্বে গঠিত বিচারপীঠ ২০২৫ সালের নভেম্বর মাসে দেওয়া পূর্বের নির্দেশের সংশোধনীর আবেদন খারিজ করে এধরণের কুকুরকে আশ্রয় শিবিরে আবদ্ধ করে রাখতে কর্তৃপক্ষকে নির্দেশ দেয় । শিশু , বৃদ্ধ এবং পথচারীদের ওপর কুকুরের আক্রমণ বৃদ্ধি পাওয়ার কথা উল্লেখ করে আদালত জানায় যে প্রকাশ্য স্থান , বিমান বন্দর এবং আবাসিক এলাকাগুলোতে এর প্রকোপ বৃদ্ধি পেয়েছে । বিচারপীঠ নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে অনুশাসনমূলক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে বলে সতর্ক করে দিয়েছে । সুপ্রীম কোর্ট রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলোকে জীব যন্তু নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন , জলাতংক বিরোধি টীকাকরণ ব্যবস্থা নিশ্চিত করা সহ বিপজ্জনক বা উন্মাদ কুকুরের ক্ষেত্রে আইনগতভাবে অনুমোদিত ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ দিয়েছে ।

---------------------------------------------------------------------------------

আজ ১৯ শে মে' ।ভাষা শহিদ দিবস । ১৯৬১ সালের আজকের দিনটিতে মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষার জন্য শিলচরে ১১ জন ভাষা সেনানী প্রাণ আহুতি দিয়েছিলেন ।বাংলা ভাষাকে বরাক উপত্যাকার সরকারী ভাষা হিসেবে স্বীকৃতি প্রদান করার দাবীতে শিলচর রেলষ্টেশনে পুলিশের গুলিতে ১১ জন শহিদ হয়েছিলেন ।

ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করতে আজ সকাল থেকে শিলচর রেলষ্টেশনের শহিদ বেদী , শ্মশানঘাট এবং গান্ধীবাগের শহিদ স্মৃতি সৌধে অগণিত লোক শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন ।আজ সকালে শিলচর রেলষ্টেশন থেকে শ্মশানঘাট পর্যন্ত # উনিশের মহামিছিল ,ভাষা শহিদদের শ্রদ্ধাঞ্জলি # শীর্ষক পথচলার আয়োজন করা হয়েছে ।এতে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধি , সাংস্কৃতিক , সামাজিক সংগঠন , বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা স্বতস্ফুর্তভাবে অংশগ্রহণ করে । শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য ,বিধায়ক ডাঃ রাজদীপ রায় , কমলাক্ষ দে পুরকায়স্থ , প্রাক্তন বিধায়ক দীপায়ন চক্রবর্তী , জেলা জেলা কংগ্রেসের প্রাক্তন সভাপতি অভিজিৎ পাল প্রমুখ এই পথচলায় অংশগ্রহণ করেন এবং শ্মশানঘাটের শহিদ বেদীতে শ্রদ্ধাঞ্জলি

জ্ঞাপন করেন ।আজ গান্ধীবাগের শহিদ স্মৃতিসৌধে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয় । জেলা আয়ুক্ত আয়ুষ গর্গ আজ গান্ধীবাগে শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করেন ।এদিকে গান্ধীবাগ প্রাঙ্গনে শহিদদের স্মৃতিতে চিত্র প্রদর্শনী এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় । শ্মশানঘাটে ভাষা শহিদদের শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করে লক্ষীপুরের বিধায়ক কৌশিক রাই বলেন --------

# বাইট #

শিলচর সরলা বিড়লা জ্ঞানজ্যোতি সিনিয়র সেকেন্ডারী স্কুল , শিলচর ডনবস্কো স্কুল ,কাছাড় হাইস্কুল ,গুরুচরণ বিশ্ববিদ্যালয়ে সহ বহু স্কুল কলেজে আজ পথ নাটিকা , ভাষা আন্দোলনের প্রেক্ষাপট নিয়ে আলোচনা ইত্যাদির মাধ্যমে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয় ।

কাটিগড়া ডেভেলপমেন্ট কমিটির পক্ষ থেকেও আজ কাটিগড়া হাসপাতালের সামনে স্থায়ী শহিদবেদীতে ভাষা সেনানীদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার ভাষা আন্দোলনের বীর শহিদদের স্মরণে আজ শ্রীভূমির শম্ভুসাগর উদ্যানে যথাযোগ্য মর্যাদায় শহিদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হয় । বরাক উপত্যাকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের শ্রীভূমি আঞ্চলিক সমিতির উদ্যোগেও ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করার উদ্দেশ্যে অনুষ্ঠানের আয়োজন করা হয় । এতে বিভিন্ন বক্তা মাতৃভাষার অধিকার রক্ষার সংগ্রামে উনিশে মে একটি ঐতিহাসিক দিন এবং নতুন প্রজন্মের কাছে এই ইতিহাস তুলে ধরা ও শহিদদের আত্মত্যাগের গুরুত্ব নিয়ে বক্তব্য রাখেন । অনুষ্ঠানে বিভিন্ন স্কুল কলেজের ছাত্রছাত্রীরাও অংশগ্রহণ করে ।

---------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংকৃতি সম্মেলনের হাইলাকান্দি জেলা শাখা ও হাইলাকান্দি পৌরসভার যৌথ উদ্যোগে আজ ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে এক মিছিল শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে ।মিছিলে ভাষা শহিদদের আত্মত্যাগের কথা সম্বলিত বিভিন্ন ট্যাবলো প্রদর্শন করা হয় ।এছাড়া বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে একাদশ ভাষা শহিদ স্মারক স্থলে পুষ্পার্ঘ্য অর্পণ করে শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয় । বরাক বঙ্গের উদ্যোগে একটি আলোচনা সভার ও আয়োজন করা হয় । বরাক বঙ্গের কেন্দ্রীয় কমিটির সহ সভাপতি মানিক চক্রবর্তী বলেন ----------

বাইট

---

হাইলাকান্দি জেলার জানকী বাজারের বক্রি হাওয়র দ্বিতীয় খন্ড এলাকায় আজ দুপুরে গাছ কাটার কাজ করতে গিয়ে বিদুৎতের তারে পিষ্ট হয়ে এক শ্রমিকের মৃত্যু হয়েছে । মৃত শ্রমিকের নাম রবিজুল ইসলাম , বয়স ৪০ বছর । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে জানকী বাজার-কাটাখাল সড়কের পাশে থাকা ১১ হাজার কেভি বিদুৎ লাইনের সংস্কার কাজ চলছিল । সে সময় বিদুৎ লাইনের পাশের একটি গাছের ডাল কাটার জন্য রবিজুল ইসলাম গাছে উঠেন। অভিযোগ কাজ চলাকালীন সময় গাছের ডাল তারের সংস্পর্শে আসতেই বিদুৎ পিষ্ট হন রবিজুল ।

---

শিলচর রামকৃষ্ণ মিশন সেবাশ্রমের উদ্যোগে গত ১৬ ০ ১৭ই মে আশ্রম প্রাঙ্গনে জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অষ্টম , নবম ও দশম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে মূল্যবোধ ভিত্তিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । দু দিনের এই কর্মশালা প্রতিদিন সকাল নটায় শুরু হয়ে , বিকেল চারটে পর্য্যন্ত চলে ।

---